

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪৬. সপ্তম দিবসে খাৎনা করা সুন্নাত কি না?

রাসূলুল্লাহ (স) তাঁর দৌহিত্র হাসান ও হুসাইন (রা)-কে সপ্তম দিনে মাথার চুল কাটা, আকীকা করা ও নাম রাখার সাথে তাদের খাৎনাও করিয়েছিলেন মর্মে বায়হাকী (৮/৩২৪) ও তাবরানীতে (১/১৭৬) দুটো হাদীস রয়েছে । কিন্তু হাদীস দুটোকে মুহাদ্দেসীনে কেরাম দুর্বল বলেছেন। তা ছাড়া অপর একদল ফকীহ বলেছেন, সপ্তম দিবসে খাৎনা করা ইহুদীদের অভ্যাস। অতএব তাদের সাথে মিল রেখে সেদিন এটা করা মাকরাহ হবে ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12781

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন